

স্মারক নং- ৩৪.০১.১০০০.০০০.২৫৩.১৫(অংশ-০২)/২৪-১৪৩

তারিখ: ০৫/০৩/২০২৪খ্রি.

ভর্তি বিজ্ঞপ্তি

যুব উন্নয়ন অধিদপ্তরধীন বগুড়া জেলায় নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য ১৮-৩৫ বছর বয়সী কর্মপ্রত্যাশী বেকার যুবক ও যুব নারীদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

কোর্সের নাম	কোর্সের মেয়াদ	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	ভর্তি ফি/ কোর্স ফি	দরখাস্ত জমাদানের শেষ তারিখ	মৌখিক সাক্ষাৎকারের তারিখ ও সময়	প্রশিক্ষণ শুরুর তারিখ
পোশাক তৈরী	৩(তিন) মাস	৮ম শ্রেণি পাস	৫০/-	২৫/০৩/২০২৪খ্রি.	২৮/০৩/২০২৪খ্রি. সকাল ১০.০০ টা	০১/০৪/২০২৪খ্রি.
মৎস্য চাষ	১(এক) মাস	৮ম শ্রেণি পাস	৫০/-	২৫/০৩/২০২৪খ্রি.	২৮/০৩/২০২৪খ্রি. সকাল ১১.০০ টা	০১/০৪/২০২৪খ্রি.
হাঁস-মুরগী পালন (আবাসিক)	১(এক) মাস	৮ম শ্রেণি পাস	১০০/- (জামানত ১০০/- ফেরত যোগ্য)	২৫/০৪/২০২৪খ্রি.	২৯/০৪/২০২৪খ্রি. সকাল ১০.০০ টা	০২/০৫/২০২৪খ্রি.

ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি/শর্তাবলী :

- প্রশিক্ষার্থীকে অনলাইনে NISE3.gov.bd > রেজিস্ট্রেশন > যুব > লগইন > অনুসন্ধান যুব লিখে সার্চ > কোর্স চয়েজ করে নিবন্ধন করে সাবমিট করতে হবে। (প্রথমে রেজিস্ট্রেশন করতে হবে, মৌখিক পরিক্ষার সময় আবেদনের হার্ড কপি ও সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। শুধুমাত্র নির্বাচিত প্রশিক্ষার্থীগকে কোর্স ফি জমা প্রদান পূর্বক ভর্তি হতে হবে।)
- মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের নিমিত্ত আবেদনকারীকে নির্ধারিত তারিখ ও সময়ে উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, তিনমাথা রেলগেট, বগুড়ায় উপস্থিত থাকতে হবে এবং (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (খ) জাতীয় পরিচয়পত্র (NID) (যদি থাকে) অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর মেয়র কর্তৃক প্রদত্ত জন্ম নিবন্ধন ও নাগরিক সনদপত্রের মূল কপি সংগে আনতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।
- প্রার্থীকে অবশ্যই বেকার হতে হবে এবং আত্মকর্ম করে স্বনির্ভর হওয়ার জন্য আন্তরিক সচেষ্টিত থাকতে হবে।
- প্রশিক্ষণকালীন সময়ে প্রশিক্ষার্থীকে কেন্দ্রের যাবতীয় নিয়ম-কানুন মেনে চলতে হবে এবং নিয়মিত ক্লাসে হাজির থাকতে হবে।
- প্রশিক্ষণ কোর্সগুলো আবাসিক/অনাবাসিক ভাবে পরিচালিত হবে।
- অন্য কোন ট্রেডে প্রশিক্ষণপ্রাপ্ত যুবরা ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
- শুধুমাত্র বগুড়া জেলার স্থায়ী অধিবাসীরা আবেদন করতে পারবে।
- পোশাক তৈরী প্রশিক্ষণ কোর্সে শুধু মাত্র যুবনারীরা আবেদন করতে পারবে।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- প্রশিক্ষণ চলাকালীন সময়ে অবশ্যই স্বাস্থ্য বিধি মেনে চলতে হবে।
- পোশাক তৈরী ও মৎস্য চাষ প্রশিক্ষার্থীদের যাতায়াত ভাতা বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রদান করা হবে।
- হাঁস-মুরগী পালন(আবাসিক) প্রশিক্ষার্থীদের সরকারি বিধি মোতাবেক আবাসন ও খাবার প্রদান করা হবে।


০৫/০৩/২০২৪

(মো: তোহাদ্দেক হোসেন)
উপপরিচালক
ফোন : ০২৫৮৮৮১৩৪৪১
ddbogra@dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.১০০০.০০০.২৫৩.১৫(অংশ-০২)/২৪-১৪৩

তারিখ : ০৫/০৩/২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরিত হলো:

- ০১। মহাপরিচালক(গ্রেড-১), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ০২। জেলা প্রশাসক, বগুড়া
- ০৩। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,, বগুড়া
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার,, বগুড়া
- ০৬। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, বগুড়া
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর,, বগুড়া
- ০৮।
- ০৯। অফিস কপি

বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো



০৫/০৩/২০২৪
(বিজয় চন্দ্র দাস)
সহকারী পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া